গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.১৮.৬৩৬.২১.৮৫৩ তারিখ : ২৮ /০৭/২০২৬ খ্রিঃ

**বিষয়: এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে শিক্ষার্থী ভর্তি প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে পরিচালিত এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে শিক্ষার্থী ভর্তির সংখ্যা আশানুরুপ নয়। ফলে প্রতিষ্ঠানে বিদ্যমান অবকাঠামো, জনবল এবং শিক্ষা কার্যক্রম যথাযথ ব্যবহার হচ্ছে না। কারিগরি শিক্ষার সম্প্রসারণ, সবার জন্য কারিগরি শিক্ষা এবং সরকারের দক্ষ মানবসম্পদ উন্নয়নের লক্ষ্য অর্জনে এ অবস্থার উন্নয়ন অত্যন্ত জরুরী।

২। প্রতিষ্ঠানসমূহে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে শিক্ষার্থী ভর্তি বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

- মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থীদের মধ্যে ভর্তি প্রচারণা ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা।
- অভিভাবক, শিক্ষার্থী, স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গের অংশ গ্রহণে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন।
- প্রতিষ্ঠানের বিভিন্ন ট্রেড, আধুনিক ল্যাব, কর্মসংস্থানের সুযোগ ও উচ্চ শিক্ষার সম্ভাবনা তুলে ধরে ব্যাপক প্রচার প্রচারণা পরিচালনা।
- অনলাইন প্লাটফর্ম যেমন সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক, ম্যাসেঞ্জার) ক্যাবল টিভি, প্রতিষ্ঠানের ওয়েবসাইট, লিফলেট, ব্যানার এবং স্থানীয় গণমাধ্যমে ভর্তি সংক্রান্ত তথ্য প্রচার।
- স্ব-স্ব প্রতিষ্ঠান হতে এসএসসি (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের এইচএসসি (ভোকেশনাল) কোর্সে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- প্রত্যেক শিক্ষককে নির্ধারিত শিক্ষার্থী ভর্তি বিষয়ে দায়িত্ব পালনের জন্য অফিস আদেশ প্রদান।
- একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি করতঃ অপর পৃষ্ঠায় বর্ণিত ছক যথাযথভাবে পূরণ করে আগামী ১৫/০৯/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণ।

৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রম এবং শিক্ষার্থী ভর্তির অগ্রগতি সম্পর্কিত একটি প্রতিবেদন আগামী ২০/০৮/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী মোঃ রেজাউল হক)
পরিচালক (ভোকেশনাল)

অধ্যক্ষ
সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.১৮.৬৩৬.২১.৮৫৩(৫) তারিখ : ২৮ /০৭/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/ পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। সহকারি পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। মহাপরিচালক এঁর ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সংশ্লিষ্ট নথি।

২৮/০৭/২৬
(মোঃ এনায়েত করিম)
সহকারী পরিচালক

## এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ট্রেডভিত্তিক শিক্ষার্থী তথ্য:

| এসএসসি (ভোকেশনাল) দশম শ্রেণি শিক্ষার্থীর তথ্য | | এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণির শিক্ষার্থী তথ্য | | মোট শিক্ষার্থী (৩+৪) | এসএসসি বিজ্ঞান বিভাগ থেকে পাশ করা ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পরীক্ষার্থীর সংখ্যা | উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা | নিজ প্রতিষ্ঠান থেকে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা | অন্য প্রতিষ্ঠান থেকে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |